



তথ্য কমিশন

প্রত্নতত্ত্ব ভবন (তৃতীয় তলা), শেরে বাংলা নগর, ঢাকা, ফ্যাক্সঃ ৯১১০৬৩৮, www.infocom.gov.bd



তারিখ: ২৩ মে ২০২০

শোকবার্তা

তথ্য কমিশনের সাবেক সচিব (অতিরিক্ত সচিব, পিআরএল) ও বি.সি.এস.(প্রশাসন) ক্যাডারের ১৯৮৬ ব্যাচের কর্মকর্তা জনাব মোঃ তৌফিকুল আলম-এর মৃত্যুতে তথ্য কমিশন গভীরভাবে মর্মান্বিত ও শোকাভিভূত।

জনাব মোঃ তৌফিকুল আলম করোনা ভাইরাসে (কোভিড-১৯) আক্রান্ত ছিলেন। তিনি ২২ মে ২০২০ খ্রিস্টাব্দ তারিখ পূর্বাঙ্কে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মারা যান (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)।

জনাব মোঃ তৌফিকুল আলম সরকারি চাকরি জীবনে একজন কর্তব্যপরায়ণ, সৎ, দক্ষ, অমায়িক ও আকর্ষণীয় গুণাবলী সম্পন্ন কর্মকর্তা হিসেবে সকলের নিকট সমাদৃত ছিলেন। তাঁর এ মৃত্যুতে দেশ ও জাতি একজন মহান ব্যক্তিকে হারাল। দেশ ও জাতির জন্য তাঁর অবদান আমরা গভীর কৃতজ্ঞতার সাথে স্মরণ করছি।

আমরা তাঁর শোক-সন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা ও সহমর্মিতা জ্ঞাপন করছি এবং পরম করুণাময়ের কাছে তাঁর বিদেহী আত্মার চিরশান্তি ও মাগফেরাত কামনা করছি।

মহান আল্লাহ রাক্বুল আলামীন তাঁকে জান্নাতবাসী করুন।

তথ্য কমিশনের পক্ষে

স্বাক্ষরিত:-
সুদন্ত চাকমা
সচিব
তথ্য কমিশন

স্বাক্ষরিত:-
মরতুজা আহমদ
প্রধান তথ্য কমিশনার
তথ্য কমিশন